গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমুদ্র পরিবহণ অধিদপ্তর
১৪১-১৪৩ মতিঝিল বা/এ (৮ম তলা)
ঢাকা-১০০০

নং - আইএস-১৩৯/সার্ভে ঘোষণা/০৪(অংশ-১) ১০৮৬ তারিখ ঃ ২৮/২/২০০৮

ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার
ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ারের কার্যালয়,
৮৪/৮৭ জর্ডন রোড, বরিশাল

বিষয় ঃ বরিশালস্থ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার কার্যালয়ের কাজের শৃংখলা, গতিশীলতা ও স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে কতিপয় কার্যক্রম গ্রহণ প্রসংগে

গত ১৮/২/২০০৮ তারিখ চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এবং ঢাকাস্থ পরিদর্শক বরিশালস্থ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ারের কার্যালয় ও অভ্যন্তরীণ জাহাজ পরিদর্শনালয় পরিদর্শন করে উক্ত দুটি অফিসের নিয়মিত অফিস কার্যক্রম পর্যালোচনা করে যে প্রতিবেদন পেশ করেছেন তার আলোকে আগামী ৩(তিন) মাসের মধ্যে নিম্নলিখিত সমস্ত কার্যাদি সমাপ্ত করে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য আপনাকে বলা হলো ঃ

(১) সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য বিভিন্ন সার্কুলার বা নিয়মাবলী প্রদর্শনের জন্য একটি ডিসপ্লে বোর্ড আগামী ১৫/৩/০৮ তারিখের মধ্যে স্থাপন করতে হবে ;

(২) ডিসপ্লে বোর্ডে সকল সময় যে সব বিষয় প্রদর্শিত হবে -

(ক) নতুন নৌযান তৈরী ও রেজিস্ট্রেশন করতে কি কি পদক্ষেপ গ্রহণ করতে হবে;

(খ) বিভিন্ন ফিসের হার;

(গ) বাৎসরিক নৌযান সার্ভে করার নিয়মাবলী ও পূরণকৃত হালনাগাদ ফরম এর নমুনা কপি;

(ঘ) ফরমের সাথে যে সকল ডকুমেন্ট সংযুক্ত করা প্রয়োজন তার একটি তালিকা;

(ঙ) প্রধান কার্যালয় থেকে প্রেরিত নৌযান সম্পর্কিত বিভিন্ন সার্কুলারের ছায়ালিপি;

(৩) নথি সমূহের একটি রেজিষ্টার সংরক্ষণ করতে হবে এবং বিভিন্ন বিষয়ে প্রাপ্ত চিঠি পত্রের ভিত্তিতে আলাদা আলাদা নথি খুলে তা যথাযথ নিয়মে সংরক্ষণের ব্যবস্থা আগামী ১৫ই মার্চ ২০০৮ এর মধ্যে করতে হবে ।

(৪) নতুন নৌযান রেজিস্ট্রেশন সম্পর্কিত রেজিষ্টার (২০০৫ সাল থেকে অদ্যাবধি) বই তৈরী করে নিম্নলিখিত তথ্য আগামী ৩১শে মার্চ ২০০৮ এর মধ্যে সন্নিবেশ করতে হবে ঃ

| রেজিষ্ট্রেশন নম্বর | নৌযানের নাম | মালিকের নাম ও ঠিকানা | নৌযানের ধরণ | রেজিষ্ট্রেশনের তারিখ |
|---|---|---|---|---|

(৫) যে সকল নৌযানের অনুকূলে একই রেজিষ্ট্রেশন নম্বর বরাদ্দ করা হয়েছে সেগুলোকে চিহ্নিত করে ডুপলিকেশন পরিহারের ব্যবস্থা আগামী ১৫ই এপ্রিল ২০০৮ এর মধ্যে করতে হবে;

(৬) বাৎসরিক নৌযান সার্ভে রেজিষ্টার বই তৈরী করে নিম্নলিখিত তথ্য আগামী ৩০শে এপ্রিল ২০০৮ এর মধ্যে সন্নিবেশ করতে হবে ঃ

| ক্রমিক নং | টাস্ক নম্বর | টাস্ক নম্বর গ্রহনের তারিখ | নৌযানের নাম ও রেজিষ্ট্রেশন নম্বর | নৌযান মালিক কর্তৃক আবেদনের তারিখ | নৌযান সার্ভের প্রস্তাবিত স্থান ও তারিখ | সার্ভে সম্পন্নের তারিখ ও স্থান | টোকেন নম্বর ও জারীর তারিখ | ঘোষণাপত্র প্রেরণের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |

(৭) কাগজপত্র ও আনুসংগিক ফি সহ সম্পূর্ণ আবেদনপত্র পাওয়ার পরই নৌযান সার্ভের নিমিত্তে প্রতিদিন টাস্ক নম্বর গ্রহণ করতে হবে এবং তা যথাযথ পূরণ করে যথাসময়ে অধিদপ্তরে প্রেরণ করতে হবে;

(৮) সার্ভের জন্য নৌযান মালিক কর্তৃক সম্পূর্ণ আবেদনপত্র প্রাপ্তির রেজিষ্টারে লিপিবদ্ধ করে ৩(তিন) কার্য দিবসের মধ্যে টাস্ক নম্বর সংগ্রহ করতে হবে । আবেদনপত্রে/ঘোষণাপত্রে কোন ধরনের কাটাকাটি/ঘষামাজা/ফ্লুইড গ্রহণ করা হবে না;

(৯) প্রতিটি আবেদনপত্রের মূলকপি ও ফটোস্ট্যাট কপি সমূহ স্পষ্ট হতে হবে; যেনতেন ভাবে ফটোস্ট্যাট কপি প্রেরণ করা যাবে না ।

(১০) বিলম্ব ফি আবেদন পত্র জমা দেওয়ার তারিখ থেকে গণনা করতে হবে, চালান জমা দেওয়ার তারিখ থেকে নয়।

(১১) প্রতি মাসে সার্ভে অফিস থেকে সংশ্লিষ্ট কর কমিশনারের কার্যালয় এবং বিআইডব্লিউটিএ'র সংশ্লিষ্ট দপ্তরে নৌযানের নাম, রেজিষ্ট্রেশন নম্বর অনুযায়ী নৌযানের বিপরীতে প্রদত্ত ভ্যাট, অনুমিত আয়কর, কনজারভেন্সী ও নৌ-দুর্যোগ ট্রাস্ট ফান্ডে জমাকৃত অর্থের পরিমান সঠিক আছে কি না তা যাচাই করার জন্য নিম্নোক্ত ছকে তথ্য সন্নিবেশ করে পত্র প্রেরণ করবেন এবং অধিদপ্তরে তার একটি অনুলিপি প্রেরণ করবেন ।

| ক্রমিক নং | নৌযানের নাম ও রেজিষ্ট্রেশন নম্বর | মাল পরিবহণ ক্ষমতা (জিআরটি) অথবা যাত্রী পরিবহণ ক্ষমতা | বিভিন্ন সরকারী কর ও চাঁদা আদায়ের রশিদ নম্বর, তারিখ ও টাকার পরিমান | | | |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | | | |
| | | | ভ্যাট ৪(১) | অনুমিত আয়কর ৪(২) | কনজারভেন্সী ৪(৩) | দুর্যোগ ফান্ড ৪(৪) |

(১২) উপরোক্ত ছক ব্যবহার করে ২০০৫ থেকে হালনাগাদ তথ্যাদি (মাসওয়ারী) জরুরী ভিত্তিতে সংশ্লিষ্ট দপ্তর সমূহ এবং প্রধান কার্যালয়ে ৩০শে মে ২০০৮ এর মধ্যে প্রেরণ করতে হবে;

(১৩) বিআইডব্লিউটিএ কর্তৃক জারীকৃত কনজারভেন্সী ফি পরিশোধের প্রত্যয়ন ব্যতিরেকে কেন নৌযান সার্ভে করা হয়েছে তা ৩১/৫/২০০৭ তারিখের মধ্যে জবাব দেওয়ার জন্য ২৪/৫/০৭ তারিখের আইএস-৪৮/সার্ভে.রে.(বিবিধ)/০৫/৫৭৭৬(৭) নং পত্র প্রেরণ করা হয়েছিল । জবাব না পাওয়ায় পরবর্তীতে ২৫/৬/০৭ তারিখের সমসংখ্যক তাগিদ পত্রের মাধ্যমে তথ্যাদি প্রেরণের জন্য বলা হয়েছিল কিন্তু তা পাঠানো হয়নি । উক্ত পত্রের চাহিদা মোতাবেক জরুরী ভিত্তিতে তথ্যাদি ১৫ই মে ২০০৮ এর মধ্যে প্রেরণ করতে হবে ।

(১৪) প্রতিটি নতুন নৌযান রেজিষ্ট্রেশনের পূর্বে রেজিষ্ট্রেশন নম্বর ওয়েল্ডিং করে বসানো হয়েছে মর্মে নিশ্চিত হতে হবে;

(১৫) রেজিষ্ট্রেশন সম্পর্কিত সমস্ত কার্যাদি সম্পন্ন করার পর রেজিষ্ট্রেশন নম্বর (অস্থায়ী রেজিষ্ট্রেশন সনদ) প্রদান/বরাদ্দ করতে হবে;

(১৬) প্রতিটি নৌযানে (বালিবাহী/কার্গো/যাত্রীবাহী/তেলবাহী, ইত্যাদি) মোবাইল ফোন রাখা বাধ্যতামুলক। নৌযানে মোবাইল ফোন আছে কিনা নিশ্চিত হয়ে এবং মোবাইল নম্বর ঘোষণাপত্রে লিখে প্রেরণ করতে হবে;

(১৭) সার্ভে এবং রেজিষ্ট্রেশন নথি এমনভাবে সংরক্ষণ করতে হবে যাতে চাহিবা মাত্র তা উপস্থাপন করা যায় । এ ক্ষেত্রে রেজিষ্ট্রেশন নম্বরের ক্রমানুযায়ী নথি সংরক্ষণ করা যেতে পারে ।

(১৮) ইনকামিং এবং আউটগোয়িং চিঠিপত্র/আবেদনপত্রের রেজিষ্টার তৈরী করে প্রতিদিনের চিঠিপত্রের আগমন ও প্রস্থান লিপিবদ্ধ করতে হবে ।

(১৯) সার্ভে টোকেনের মুড়ি বই ক্রমানুযায়ী সংরক্ষণ করতে হবে । ৫ বৎসর অতিক্রান্ত না হওয়া পর্যন্ত সরকারী বিধান মোতাবেক সেগুলো সংরক্ষণ করতে হবে ; একই সময়ে একের অধিক টোকেন বই ব্যবহার করা যাবে না ;

(২০) সার্ভে পরবর্তী কোন নৌযানের অনুকূলে সার্ভে সনদ প্রাপ্তির নিমিত্তে ৪৫ দিনের চলাচলের জন্য সার্ভে টোকেন জারী করার পর কোন ক্রমেই তা বর্ধিত করা যাবে না;

(২১) বাৎসরিক সার্ভে করার নিমিত্তে সার্ভে স্টেশন পর্যন্ত নৌযান পরিচালনা অথবা দেশের বাইরে নৌযানের অবস্থান বিবেচনায় কোন ক্রমে সার্ভে টোকেন জারী করা যাবে না অর্থাৎ সার্ভে ব্যতীত কোন ক্রমেই টোকেন জারী করা যাবে না;

(২২) একটি টাস্ক নম্বর ব্যবহার করে একাধিক নৌযান যাতে সার্ভে না হয় সে দিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে;

(২৩) নৌযানের নাম ও মালিকানা পরিবর্তনের সময় নিম্নলিখিত কার্যাদি সম্পন্ন করতে হবে ঃ

(ক) আলোচ্য নৌযানের বিপরীতে মেরিন কোর্টে মামলা নেই সম্পর্কিত ছাড়পত্র গ্রহণ করতে হবে;

(খ) একই সাথে নৌযানের নাম পরিবর্তনের প্রয়োজন হলে প্রস্তাবিত নতুন নামকরণের বিষয়ে প্রধান কার্যালয়ের অনাপত্তি গ্রহণ করতে হবে;

(গ) রেজিষ্ট্রেশন নম্বর ওয়েল্ডিং করা হয়েছে মর্মে ছবি সংযুক্ত করতে হবে;

(ঘ) উপরোক্ত কার্যাদি সম্পন্ন হওয়ার পর সার্ভে সনদে নতুন মালিকের নাম ও নৌযানের নাম এনডোর্সমেন্টের জন্য আলোচ্য নৌযানের অনুকূলে ইতিপূর্বে জারীকৃত সার্ভে সনদের দুই কপি এবং রেজিষ্ট্রেশন সনদের ছায়ালিপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

.........৩/

(২৪) সার্ভের সময় এবং ঘোষণাপত্র স্বাক্ষরের পূর্বে আরও যে সকল বিষয় সতর্কভাবে বিবেচনা করতে হবে তা নিম্নরূপ ঃ

(ক) অনুমোদিত নকশার বাইরে নৌযানের দৈর্ঘ্য, প্রস্থ, গভীরতা ও ইঞ্জিনসমূহ পরিবর্তন করা হয়েছে কিনা;

(খ) যৌথ মালিকানা হলে মালিক ও অংশীদারদের নাম, পিতার নাম ও ঠিকানা (রেজিষ্ট্রেশন সনদ অনুযায়ী ) সঠিকভাবে ঘোষণাপত্রে উল্লেখ করা হয়েছে কিনা;

(গ) সর্বনিম্ন নিরাপদ নাবিক সংখ্যা বিধিমালার আলোকে ইঞ্জিনের ক্ষমতা অনুযায়ী নির্ধারিত গ্রেডের এবং নির্দিষ্ট সংখ্যক মাস্টার-ড্রাইভার ও নাবিক নিয়োগ নিশ্চিত করতঃ Extra Sheet-এ নৌযানের নাম এনডোর্সমেন্ট প্রদান করতে হবে;

(ঘ) মাস্টার-ড্রাইভার ও নাবিকদের পোষাক পরিধান নিশ্চিত করে ঘোষণাপত্র প্রেরণ করতে হবে;

(ঙ) সরেজমিনে পরিদর্শন করে ইঞ্জিনের শক্তি নিরূপন করে সে অনুযায়ী ঘোষণাপত্রে ইঞ্জিনের সংখ্যা এবং মোট শক্তি উল্লেখ করতে হবে;

(চ) নৌযানের বয়স (প্রথম নির্মাণ সাল অনুযায়ী) ৩০ বছরের উর্দ্ধে কিনা নিশ্চিত হয়ে ঘোষনা পত্র প্রেরণ করতে হবে; ৩০ বছরের উর্দ্ধে হলে নির্ধারিত ফরমেট পূরণ করতঃ স্পেশাল ডকিং সম্পন্ন করার পর ঘোষণাপত্র প্রেরণ করতে হবে;

(ছ) সম্পূর্ণ কাঠের তৈরী নৌযান এবং সম্পূর্ণ স্টীলে রূপান্তরিত নৌযানের বেলায় ঘোষণাপত্রে উল্লেখ করতে হবে; সম্পূর্ণ কাঠের তৈরী নৌযানের বেলায় ৩০ বছর বয়সের বাধ্যবাধকতা শিথিল করা হয়েছে এবং যে সকল নৌযান কাঠ থেকে সম্পূর্ণ স্টীলে রূপান্তরিত হয়েছে সে সকল নৌযান সমূহের বয়স "সম্পূর্ণ স্টীলে রূপান্তরিত" হওয়ার তারিখ থেকে গণনা করতে হবে ( এ ক্ষেত্রে রেজিষ্ট্রেশন সনদে উল্লেখ থাকতে হবে );

(জ) যাত্রীবাহী জাহাজের বেলায় ডেকের সংখ্যা এবং কোন ডেকে কতজন যাত্রী বহণ করবে সে বিষয়ে উল্লেখ থাকতে হবে;

(ঝ) যাত্রীবাহী জাহাজের বেলায় কেবিনের সংখ্যা কত এবং কোন তলায় কতটি কেবিন তা স্পষ্ট করে ঘোষণাপত্রে লিখতে হবে;

(ঞ) ৫০ মিটারের নীচের ১ ইঞ্জিন বিশিষ্ট ৩(তিন) তলা যাত্রীবাহী নৌযানের তলদেশে সলিড ব্যালাস্ট স্থাপন না করা পর্যন্ত (সানকেন ডেক বিশিষ্ট নৌযানের বেলায় প্রযোজ্য নয়) সার্ভে/ঘোষণাপত্র প্রেরণ করা যাবে না;

(ট) যাত্রীবাহী নৌযানের বেলায় আগামী ৫/৫/২০০৮ তারিখের পর থেকে ৪ ঃ ১ (যাত্রী ঃ বয়া) অনুপাতে মোট যাত্রী বহণ ক্ষমতার আলোকে লাইফ বয়া নৌযানে রাখা নিশ্চিত করে ঘোষণাপত্র প্রেরণ করতে হবে;

(ঠ) ফায়ার এক্সটিংগুইসার সমুহ যথাযথভাবে রিফিল করা হয়েছে কিনা, নিশ্চিত হয়ে ঘোষণাপত্র প্রেরণ করতে হবে; যে সকল ফায়ার এক্সটিংগুইসার নৌযানের অভিজ্ঞ লোকজন রিফিল করবে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট সার্ভেয়ারের মেয়াদ উল্লেখিত প্রত্যয়ন যুক্ত সীলমোহর কাগজে লিপিবদ্ধ করে সিলিন্ডারের গায়ে আঠা দিয়ে লাগিয়ে রাখতে হবে ;

(ড) প্রতিটি নৌযানে রেডিও ও মোবাইল ফোন রাখা বাধ্যতামুলক । ঘোষনাপত্র প্রেরণের পূর্বে মোবাইল নম্বর (মালিক/ম্যানেজারের মোবাইল সহ) সমূহ উল্লেখ থাকতে হবে ;

(ঢ) অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক নৌযানের গায়ে রেজিষ্ট্রেশন নম্বর ওয়েল্ডিং/খোদাই না করে কোন সার্ভে টোকেন জারী বা ঘোষনাপত্র প্রেরণ করা যাবে না; ঘোষণাপত্রে "ওয়েল্ডিং করা হয়েছে" মর্মে সীল দিতে হবে এবং বালিবাহী নৌযানের বেলায় রেজিষ্ট্রেশন নম্বর ওয়েল্ডিং সংক্রান্ত ছবি সংযুক্ত করতে হবে;

(ণ) প্রতিটি নতুন নৌযান রেজিষ্ট্রেশনের পূর্বে রেজিষ্ট্রেশন নম্বর ওয়েল্ডিং করে বসানো হয়েছে কিনা নিশ্চিত হতে হবে এবং সে বিষয়ে ঘোষনাপত্রে উল্লেখ থাকতে হবে;

নথি সংরক্ষণ, সুষ্ঠু অফিস ব্যবস্থাপনা এবং সার্ভে সংক্রান্ত বিষয়ে উপরোক্ত দিক নির্দেশনা অনুসারে অফিসের কার্যক্রম পরিচালনা করা হচ্ছে কিনা তা ৩(তিন) মাস পর পুনরায় পরিদর্শন করে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে ।

( এ কে এম আলাউদ্দিন )
কমান্ডার, বিএন
চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার